

Bankura University

BA 3<sup>rd</sup> Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাস, ছন্দ ও অলঙ্কার

Course ID: 30119

Course Code: APBNG-303-C-MIL-2

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) বাণভট্ট কোন রাজার সভাকবি ছিলেন ? তাঁর বিখ্যাত একটি রচনার নাম লেখো।

খ) রামায়ণ অবলম্বনে ভাসের লেখা দুটি নাটকের নাম উল্লেখ করো।

গ) “Truth is beauty, beauty truth”– এই উক্তিটি কার লেখা ? তাঁর লেখা যে-কোনো একটি কবিতার নাম লেখো।

ঘ) ‘ইসাবেলা’ কার লেখা ? কাব্যটির উৎস কী ?

ঙ) অমিত্রাক্ষর ছন্দ বলতে কি বোঝো ? বাংলা কবিতায় কে প্রথম এই ছন্দ ব্যবহার করেন ?

চ) অতিপর্ব কাকে বলে ? উদাহরণ দাও।

ছ) কাব্যে অলঙ্কার ব্যবহারের দুটি কারণ উল্লেখ করো।

জ) বিরোধভাস অলঙ্কারের সংজ্ঞাসহ উদাহরণ দাও।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) টীকা লেখো: মৃচ্ছকটিক

খ) শেলির কবিতার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

গ) ছন্দোলিপি প্রস্তুত করো:

বাঁশবাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই,

মাগো আমার শোলোক-বলা কাজলা দিদি কই।

ঘ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করো:

মাথার উপরে জ্বলিছেন রবি, রয়েছে সোনার শত ছেলে।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০ x ২ = ২০

ক) ‘সংস্কৃত নাট্যসাহিত্যে ভাস অনন্য।’ –তাঁর নাটকগুলির বিষয়বস্তু ও রচনাসৈলীর আলোকে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

খ) “মূলত ইংরেজি সাহিত্যে রোম্যান্টিক ধারার প্রবর্তক হলেও উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ প্রকৃতির কবি হিসাবেই সর্বাধিক পরিচিত।” --উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থের রচনার আলোকে মন্তব্যটি বিচার করো।

গ) দলবৃত্ত ছন্দ বলতে কি বোঝো ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

ঘ) উপমা অলঙ্কারের সংজ্ঞা দাও। উদাহরণসহ উপমা অলঙ্কারের বিস্তারিত পরিচয় দাও।